ইত্তেফাক

তারিখ ... ২।৫।৮১ ...
... কলাম ...



# শল্যবিদ প্রফেসর মনিরুজ্জামানের ইন্তেকাল

(ইত্তেফাক রিপোর্ট)

দেশের বিশিষ্ট শল্য চিকিৎসক প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান গতকাল (শুক্রবার) সকাল ৮টায় সোহরাওয়ার্দী হাসপাতালে হৃদ-রোগে ইন্তেকাল করেন (ইন্না-লিল্লাহে······রাজেউন)। মৃত্যুকালে তাহার বয়স হইয়াছিল ৫৭ বৎসর। তিনি এক কন্যা, স্ত্রী ও বহু আত্মীয়-স্বজন রাখিয়া গিয়াছেন। গত বুধবার দিবাগত রাত ২টায় আকস্মিকভাবে হৃদরোগে আক্রান্ত হইলে তাঁহাকে সোহরাওয়ার্দী হাসপাতালে স্থানান্তর করা হয়। প্রফেসর মনিরুজ্জামান ছিলেন ঢাকা মেডিকাল কলেজের শল্য

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মনিরুজ্জামানের ইন্তেকাল

(১ম পৃঃ পর)

বিভাগের প্রধান ও স্নাতকোত্তর চিকিৎসা মহাবিদ্যালয়ের প্রাক্তন পরিচালক।

ডাঃ মনিরুজ্জামানের জন্ম রংপুর জেলার গাইবান্ধায়। ১৯৫১ সালে তিনি ঢাকা মেডিক্যাল কলেজ হইতে এমবিবিএস পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন। পরবর্তী সময়ে ১৯৬০ সালে তিনি ইংল্যাণ্ড ও পাকিস্তান হইতে যথাক্রমে এফ, আর সি এস, ও এফ, সি পিএস ডিগ্রীও অর্জন করেন। চাকুরী জীবনে তিনি ময়মনসিংহ মেডিক্যাল কলেজের শল্য বিভাগের প্রধানের দায়িত্ব পালন করিয়াছেন। গতকাল বাদ জুমা বায়তুল মোকাররম মসজিদে নামাজে জানাজা শেষে অপরাহ্নে বনানী গোরস্তানে মরহুমের দাফন সম্পন্ন হয়। অধ্যাপক মনিরুজ্জামানের মৃত্যুতে শোক ও সমবেদনা প্রকাশ করিয়া বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন, সন্ধানী, বাংলাদেশ মহিলা পরিষদ ও বাংলাদেশ ছাত্রলীগ (জালাল-জাহাঙ্গীর) পৃথক পৃথক শোকবার্তা পাঠাইয়াছে। বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন আগামী ৮ই মে সকাল ১১টায় পিজি হাসপাতাল মিলনায়তনে শোক সভার আয়োজন করিবে।

003